

ডেস্ক রিপোর্ট | চট্টগ্রাম | 10 April, 2025

গাজায় আগ্রাসনের প্রতিবাদে দেশব্যাপী ইসরাইলী পণ্য বয়কটের আহবানে সাড়া দিয়ে সারাদেশে বিক্ষোভ মিছিল হয়। ওইসময় দেশের বিভিন্ন স্থানে কয়েকজন দুষ্কৃতিকারী বিভিন্ন প্রতিষ্ঠানে হামলা চালিয়ে ভাঙচুর ও লুটপাট চালায়। এমন সুযোগে নোয়াখালীর আলিফ রেস্টোরাঁ এন্ড পার্টি সেন্টার নামের একটি প্রতিষ্ঠানের বিরুদ্ধে ইসরাইলী পণ্য বিক্রির অভিযোগে এনে ফেসবুকে বিভ্রান্তিমূলক একটি পোস্ট দেয় এক ব্যক্তি। যার ফলে প্রতিষ্ঠানটিতে কর্মরতরা নিরাপত্তাহীনতায় রয়েছে।

বৃহস্পতিবার (১০ এপ্রিল) দুপুরে প্রতিষ্ঠানটির পার্টি সেন্টারে এক সংবাদ সম্মেলনের মাধ্যমে এসব তথ্য জানান, প্রতিষ্ঠানের জিএম ওয়ারেস আহমেদ সুমন।

তিনি অভিযোগ করে বলেন, নোয়াখালীতে অস্থিতিশীল পরিবেশ তৈরি করার জন্য কতিপয় সুযোগ সন্ধানী আলিফ রেস্টোরাঁয় শুধুমাত্র ইজরায়েলী পণ্য বিক্রি করছে বলে সামাজিক যোগাযোগ মাধ্যমে গুজব ছড়িয়ে আলিফ রেস্টোরাঁর বিরুদ্ধে জন অসন্তোষের পরিবেশ সৃষ্টি করার চেষ্টা করছে। এতে আলিফ রেস্টোরাঁর সুনাম যেমন ক্ষুণ্ণ হচ্ছে, তেমনি সুযোগসন্ধানীরাও হোটেল লুট ও ভাঙচুরের পায়তারা করছে। এ ঘটনায় সুধারাম মডেল থানায় একটি লিখিত অভিযোগের প্রস্তুতি নিচ্ছেন প্রতিষ্ঠান কর্তৃপক্ষ।

গাজা ফিলিস্তিন ইসরায়েল হামাস নিউ ইয়র্ক জাতিসংঘ ডোনাল্ড ট্রাম্প ইসরাইল ফিলিস্তিন যুদ্ধ, ইরান-ইসরায়েল উত্তেজনা, বয়কট